

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১০০/২০১৬

অভিযোগকারী : মাও: ক্বারী মোঃ ইলিয়াছ
পিতা-ক্বারী হাসমত আলী
গ্রাম+পোঃ-মেছেরা, থানা-হোসেনপুর
জেলা-কিশোরগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব দিলীপ দে
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
হোসেনপুর, কিশোরগঞ্জ।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৮-০৭-২০১৬ ইং)

অভিযোগকারী ৩০-০৮-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব দিলীপ দে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), হোসেনপুর, কিশোরগঞ্জ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১। জেলা কিশোরগঞ্জ উপজেলা-হোসেনপুর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস হতে ইংরেজি ২০১০ ও ২০১১ অর্থবছরে সিদলা ইউনিয়নে কয়টি প্রকল্প অনুমোদন হয়েছে তার নামের তালিকা এবং কমিটির নামের তালিকা।
 - ২। প্রকল্পের নামের ফটোকপি ও কমিটির নামের ফটোকপি;
 - ৩। উক্ত প্রকল্প অফিস হতে ইংরেজি ২০১১ ও ১২ অর্থ বছরে সিদলা ইউনিয়নের কয়টি প্রকল্প হয়েছে তার নামের ফটোকপি ও কমিটির নামের তালিকার ফটোকপি।
 - ৪। উক্ত প্রকল্প অফিস হতে সিদলা ইউনিয়নের ২০১২ ও ১৩ অর্থবছরে কয়টি প্রকল্প অনুমোদন হয়েছে উক্ত অনুমোদনকৃত প্রকল্পের নামের তালিকার ফটোকপি। কমিটির নামের তালিকার ফটোকপি।
 - ৫। উক্ত প্রকল্প অফিস হতে সিদলা ইউনিয়নের ২০১২ ও ১৩ অর্থবছরে কয়টি প্রকল্প অনুমোদন হয়েছে উক্ত অনুমোদনকৃত প্রকল্পের নামের তালিকার ফটোকপি ও কমিটির নামের তালিকার ফটোকপি।
 - ৬। ২০১৩ ও ১৪ অর্থবছরে সিদলা ইউনিয়নে কয়টি প্রকল্প অনুমোদন হয়েছে উক্ত অনুমোদনকৃত নামের তালিকার ফটোকপি এবং কমিটির নামের তালিকার ফটোকপি।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৭-১২-২০১৫ তারিখে জনাব মোঃ গোলাম সারওয়ার, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কিশোরগঞ্জ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৫-০৪-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৫-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। ধার্য ১৫-০৬-২০১৬ তারিখে অভিযোগকারী হাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির থাকায় পরবর্তী ১৮-০৭-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৮-০৭-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী হাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পুনরায় গরহাজির।

৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তবে প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি।

পর্যালোচনা

অভিযোগকারীর বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রদানযোগ্য বিধায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার জন্য নির্দেশনাপূর্বক অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব দিলীপ দে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), হোসেনপুর, কিশোরগঞ্জ কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার